

বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬৩, নিউ ইস্কাটন, ঢাকা - ১০০০।

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০৩.০১.০৭৬.১৮.২৫৪

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
১৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজারে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের বক্তার 'সম্মানী' ও প্রশিক্ষণার্থীদের 'প্রশিক্ষণ ভাতা'র হার পুনঃনির্ধারণ।

সূত্রঃ (১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং- ০৫.০০.০০০০.২০৩.১৮.০১০.১৯.১২১ তাঃ ১৯/০৫/২০১৯ খ্রি.
(২) অর্থ বিভাগের স্মারক নং- ০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৮.১৩.৮১ তাঃ ০৭/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন ঢাকা ও আঞ্চলিক কেন্দ্র, বগুড়া ও কক্সবাজারে আয়োজিত বুনিয়াদি/বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য প্রশিক্ষণ কোর্সের বক্তার 'সম্মানী' ও প্রশিক্ষণার্থীদের 'প্রশিক্ষণ ভাতা' পুনঃনির্ধারণের বিষয়ে অর্থ বিভাগ হতে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

২। প্রত্যাশী সংস্থা হতে অর্থের প্রাপ্যতা নিশ্চিত হয়ে সম্মানী প্রদান করতে হবে এবং অর্থ বিভাগ কর্তৃক আরোপিত শর্তাবলি প্রতিপালন করতে হবে।


৩। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০২ (দুই) পাতা।

পরিচালক
বিয়াম ফাউন্ডেশন আঞ্চলিক কেন্দ্র, বগুড়া/কক্সবাজার।

অনুলিপি: জ্ঞাতার্থে

মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।


(এস এম ফজলুল করিম চৌধুরী)
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন : ০২-৪৮৩১৩৩৩৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-২ অধিশাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.১৭২.৩৩.০০৮.১৩-৮১

বিষয়ঃ বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং বগুড়া ও কক্সবাজার আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত
এবং প্রশিক্ষণ ভাতা হার পুনঃনির্ধারণ।

সূত্রঃ ১। ০৫.০০.০০০০.২০৩.১৮.০১০.১৯.৪০, তারিখ-১৩/০২/২০১৯ খ্রিঃ
২। ০৫.০০.০০০০.২০৩.১৮.০১০.১৯.৮৭, তারিখ-০৭/০৪/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বিয়াম ফাউন্ডেশন, ঢাকা এবং আঞ্চলিক কেন্দ্র কক্সবাজার ও বগুড়া কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের অতিথি বক্তা সম্মানী এবং প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ ভাতা নিম্নবর্ণিত হারে পুনঃনির্ধারণে নির্দেশক্রমে অর্থ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

(ক) অতিথি বক্তা সম্মানীঃ

ক্র. নং	বক্তার স্তর/পদমর্যাদা	বিদ্যমান হার (প্রতি ঘণ্টার সেশন)	অর্থ বিভাগের সম্মতি (প্রতি ঘণ্টার সেশন)
১	যুগ্মসচিব হতে তদূর্ধ্ব পর্যায়/সমপর্যায় এবং সরকারি কর্মচারী নন এরূপ কোন Resource Person. (শুধু অতিথি বক্তা)	২,০০০/-	৩,৬০০/- (তিন হাজার ছয়শত) টাকা ঢাকা কেন্দ্র এবং বগুড়া ও কক্সবাজার আঞ্চলিককেন্দ্রের জন্য
২	উপসচিব হতে তদনিম্ন পর্যায়/সমপর্যায় (শুধু অতিথি বক্তা)	২,০০০/-	ঢাকা কেন্দ্রের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা বগুড়া ও কক্সবাজার আঞ্চলিক কেন্দ্রের জন্য ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা
৩	সম্প্রসারণ বক্তৃতার বক্তা	৩,৫০০/-	৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (সকল কেন্দ্রের জন্য)

(খ) প্রশিক্ষণার্থীদের দৈনিক প্রশিক্ষণ ভাতাঃ (ঢাকা কেন্দ্র এবং বগুড়া ও কক্সবাজার আঞ্চলিক কেন্দ্রের জন্য)

ক্র. নং	কোর্সের বিবরণ	প্রশিক্ষণার্থীদের অবস্থান	বিদ্যমান দৈনিক প্রশিক্ষণ ভাতা	অর্থ বিভাগের সম্মতি
১	৯ম গ্রেড হতে তদূর্ধ্ব গ্রেডের কর্মচারীদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কোর্স	কেন্দ্রে অবস্থানকালীন	৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা	৬০০/- (ছয়শত) টাকা
		মাঠে সংযুক্তিকালীন	৫০০/-	৮০০/- (আটশত) টাকা
২	১০ম গ্রেড হতে তদনিম্ন গ্রেডের কর্মচারীদের জন্য আয়োজিত প্রশিক্ষণ কোর্স	কেন্দ্রে অবস্থানকালীন	৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা	৫০০/- (পাঁচশত) টাকা
		মাঠে সংযুক্তিকালীন	৫০০/-	৬০০/- (ছয়শত) টাকা

শর্তাবলি:

- (ক) এ অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে ;
(খ) প্রাপ্যতা নিশ্চিত হয়ে সম্মানী প্রদান করতে হবে;
(গ) এ ব্যয়ে কোন আর্থিক অনিয়ম দেখা দিলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ি থাকবে; এবং
(ঘ) আদেশ জারির তারিখ থেকে এ হার কার্যকর হবে।

মোঃ গোলাম মোস্তাফিজ

যুগ্মসচিব

ফোনঃ ৯৫১৪৪৮৭

ই-মেইল: gmostofa@finance.gov.bd

সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অভ্যন্তরীণ প্রশিক্ষণ-০৩ অধিশাখা

ডায়েরি নম্বর: ১১০

অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ)	
১ উপ. সচিব/ যুগ্ম সচিব	বিঃ প্রঃ
২ সিনিয়র সহ. সচিব/ উপসচিব	০১ প্রঃ -৩
৩ সিনিয়র সহ. সচিব/ উপসচিব	বিঃ প্রঃ গঃ ইউঃ
৪ সিনিয়র সহ. সচিব/ উপসচিব	০২ প্রঃ -১
৫ সিনিয়র সহ. সচিব/ উপসচিব	০১ প্রঃ -২